

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)  
এফএ এন্ড এমআইএস, প্রশাসন শাখা  
পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

স্মারক নম্বর: ৫২.০১.০০০০.১০১.২৩.১০৫.২৩.৫৭

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৯

১৬ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: বিবিএস-এর মাঠ পর্যায়ের সকল বিভাগ, জেলা ও উপজেলা/থানা পরিসংখ্যান কার্যালয়সমূহে  
“জাতীয় পরিসংখ্যান দিবস-২০২৩” উদযাপন ও বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী গত ০৮ জুন ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে প্রতি বছর ২৭ ফেব্রুয়ারি তারিখকে "জাতীয় পরিসংখ্যান দিবস" হিসেবে ঘোষণা করেছেন। নিঃসন্দেহে দেশের পরিসংখ্যানিক পরিমন্ডলের (Statistical Arena) জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত এই স্বীকৃতি অত্যন্ত আনন্দের একটি বিষয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষণার সফল বাস্তবায়ন এবং ২৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখে ৩য় বারের মতো পালিতব্য “জাতীয় পরিসংখ্যান দিবস”-এর এবারের প্রতিপাদ্য বিষয় “পরিসংখ্যান ব্যবস্থার উন্নয়ন, স্মার্ট বাংলাদেশ গঠন”। দিবসটির গুরুত্ব ও তাৎপর্য উপলব্ধি করে দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় “জাতীয় পরিসংখ্যান দিবস-২০২৩” উদযাপনে প্রশাসন এবং অংশীজনদের সম্পৃক্ত করে মাঠ পর্যায়ে বিভাগীয়, জেলা ও উপজেলা/থানা পরিসংখ্যান কার্যালয় পর্যন্ত দিবসটি পালনের জন্য নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে প্রতিটি জেলা পরিসংখ্যান কার্যালয় জেলা পর্যায়ে একত্রে দিবসটি উদযাপন করবে।

খ) বিভাগীয় জেলার ক্ষেত্রে বিভাগীয় প্রশাসন ও জেলা প্রশাসন এর সাথে সমন্বয় করে সংশ্লিষ্ট বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় এবং জেলা পরিসংখ্যান কার্যালয় একত্রে বিভাগীয় পর্যায়ে দিবসটি উদযাপন করবে।

গ) উপজেলা পর্যায়ে উপজেলা প্রশাসন এর সাথে সমন্বয় করে দিবসটি পালনের উদ্যোগ গ্রহণ করতে হবে।

ঘ) শুধুমাত্র ঢাকা বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ঢাকা জেলা পরিসংখ্যান কার্যালয় ও অধীন থানা পরিসংখ্যান কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারী সদর দপ্তরের সাথে কেন্দ্রীয়ভাবে আয়োজিত অনুষ্ঠানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবেন।

ঙ) মাঠ পর্যায়ে পরিসংখ্যান দিবস উদযাপন উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা আয়োজনের ব্যবস্থা করতে হবে।

চ) “জাতীয় পরিসংখ্যান দিবস” এর গুরুত্ব ও তাৎপর্য জনসাধারণের নিকট তুলে ধরার লক্ষ্যে সদর দপ্তর থেকে প্রেরিত ব্যানার/ফেস্টুন/প্ল্যাকার্ড এর মাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে হবে।

ছ) বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে অনুষ্ঠান উদযাপনের গুরুত্বপূর্ণ ছবি/ভিডিওসমূহ এফএ অ্যান্ড এমআইএস উইং-এ প্রেরণ করতে হবে।

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক বিভাগীয়, জেলা এবং উপজেলা প্রশাসনের সঙ্গে সমন্বয় করে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখে "জাতীয় পরিসংখ্যান দিবস" পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।



১৬-২-২০২৩

মোঃ মতিয়ার রহমান

মহাপরিচালক

ফোন: ০২-৫৫০০৭০৫৬

বিতরণ :

- ১) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল)
- ২) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল)।
- ৩) পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয় (সকল), ।